দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... DEC 23 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ৩...

# এসএসসি পরীক্ষায় অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

ভৈরব, ঠাকুরগাঁও, বাগেরহাটে এসএসসি পরীক্ষার ফর্ম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ পাওয়া গিয়াছে। খবর নিজস্ব সংবাদদাতাদের।

ভৈরব : এস, এস, সি পরীক্ষার্থীদের নিকট হইতে ফরম পূরণ বাবদ মাত্রাতিরিক্ত ফি আদায়ের ফলে অভিভাবকমহলে অসন্তোষ দেখা দিয়াছে। এই বছর শিক্ষা বোর্ডের তরফ হইতে এসএসসি পরীক্ষার্থীদের

(৯ম পৃঃ দ্রঃ)

## এস এসসি পরীক্ষার

(৩য় পৃঃ পর)

প্রতি বিষয়ে ৩৫ টাকা হিসাবে সর্বমোট ৭০৫ টাকা করিয়া জমা দেওয়ার নির্দেশ দেওয়া হইয়াছে। অথচ স্থানীয় সকল উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার্থীদের নিকট হইতে ফরম পূরণ বাবদ সহস্রাধিক টাকা করিয়া আদায় করা হইতেছে। কোন কোন পরীক্ষার্থীর বেলায় সর্বমোট ফি ১ হাজার ৬ শত টাকা নির্দিষ্ট করা হইয়াছে।

উল্লেখ্য, প্রতি পরীক্ষার্থীর ৬ মাসের অগ্রিম বেতন ২৪০ টাকা ধার্য করা সত্ত্বেও পরীক্ষার্থীর নিকট হইতে ৫ শত টাকা করিয়া কোচিং ফি আদায় করা হইতেছে।

ঠাকুরগাঁও ॥ কোচিং ফি-এর নামেও কোথাও আদায় করা হইতেছে প্রচুর অর্থ। অবৈধভাবে বিপুল অর্থ আদায় রীতিমতো ব্যবসায় পরিণত হইয়াছে। অভিভাবকগণ সন্তানের অমঙ্গলের আশংকায় সবকিছু নীরবে সহ্য করিতেছেন। গ্রাম ও থানা পর্যায়ের স্কুলসমূহে এই ধরণের প্রবণতা বেশী। কোন কোন বিদ্যালয় দেড় হইতে দুই হাজার টাকা ফি ধার্য করিয়াছে।

বাগেরহাট ॥ কোন কোন স্কুলে বোর্ড নির্ধারিত ফি অপেক্ষা ৩/৪-গুণ অতিরিক্ত অর্থ আদায় করা হইতেছে। বিভিন্ন খাত এবং কারণ দেখাইয়া ছাত্র-ছাত্রীদের নিকট হইতে অতিরিক্ত অর্থ আদায় করা হইতেছে।

কোন কোন স্কুলে বিজ্ঞান বিভাগের নিয়মিত ছাত্র-ছাত্রীদের নিকট হইতে ২ হাজার টাকা। মানবিক ও বাণিজ্য বিভাগের নিয়মিত ছাত্র ছাত্রীদের নিকট হইতে ১৫ শত হইতে ১৮ শত এবং অনিয়মিত ছাত্র ছাত্রীদের নিকট হইতে ১৩/১৪ শত টাকা আদায় করা হইতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

কোন কোন স্কুলে ৪/৫ বিষয় ফেল করা ছাত্র-ছাত্রীদের নিকট হইতে ৩/৪ গুণ অতিরিক্ত অর্থের বিনিময় পরীক্ষার ফরম পূরনের সুযোগ করিয়া দেওয়া হইতেছে।